



হরমুজ প্রণালিতে ইরানি ড্রোন ধ্বংসের দাবি যুক্তরাষ্ট্রের



সংগৃহীত ছবি

হরমুজ প্রণালিতে দুইটি ইরানি ড্রোন ভূপাতিত করার দাবি করেছে যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় সামরিক কমান্ড সেন্টকম। তাদের দাবি, ড্রোন দুটি আন্তর্জাতিক বাণিজ্যিক জাহাজ চলাচলের জন্য ঝুঁকি তৈরি করছিল।

শনিবার (৬ জুন) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে প্রকাশিত এক বার্তায় সেন্টকম জানায়, মধ্যপ্রাচ্যে মোতামেন মার্কিন বাহিনী দুইটি 'ওয়ান-ওয়ে অ্যাটাক ড্রোন' শনাক্ত করে ধ্বংস করেছে। এসব ড্রোন হরমুজ প্রণালির গুরুত্বপূর্ণ নৌপথের নিরাপত্তার জন্য হুমকি হয়ে উঠেছিল বলেও উল্লেখ করা হয়।

সেন্টকমের বক্তব্য অনুযায়ী, ইরানের যেকোনো ধরনের আগ্রাসী তৎপরতা মোকাবিলায় মার্কিন সেনারা প্রস্তুত রয়েছে। একই সঙ্গে অঞ্চলটির সামুদ্রিক নিরাপত্তা নিশ্চিত করতেও তারা সক্রিয়ভাবে কাজ করছে বলে জানানো হয়েছে।

এর আগে শুক্রবার (৫ জুন) আরও চারটি হামলাকারী ড্রোন গুলি করে ভূপাতিত করার দাবি করে যুক্তরাষ্ট্র। সাম্প্রতিক এসব ঘটনার ফলে মধ্যপ্রাচ্যের কৌশলগত জলপথ হরমুজ প্রণালিকে ঘিরে নতুন করে উত্তেজনা তৈরি হয়েছে।